



Total Pages : 6

B.A./6th Sem (G)/BNG/26(CBCS)

2026

6th Semester Examination

BENGALI (General)

Paper : GE 2-T

[CBCS]

Full Marks : 60

Time : Three Hours

*The figures in the margin indicate full marks.
Candidates are required to give their answers
in their own words as far as practicable.*

(একাক্ষ নাটক ও গোয়েন্দা কাহিনী)

বিভাগ - ক

যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও। $2 \times 10 = 20$

- ১। 'রাজপুরী' একাক্ষ নাটকটি কোন্ দর্শনের আলোকে রচিত?
নাটকটির প্রকাশকাল লেখো। ১+১
- ২। 'স্বস্তি! স্বস্তি! স্বস্তি!' — কোন্ নাটকের উক্তি এটি? কথাটি কে,
কাদের বলেছিল? ১+১
- ৩। 'এ মঙ্গলাশিস্ তোমার পুণ্য হস্তেই বিতরিত হয় — স্বয়ং
ভগবানের ইচ্ছা!' — কাকে এই উক্তি করা হয়েছে? মঙ্গলাশিস
কী? ১+১
- ৪। 'দেবী' নাটকটি কাদের কথোপকথনের মধ্য দিয়ে শুরু হয়েছে?
নাটকটি শুরুর সময়কাল কী ছিল? ১+১

P.T.O.

- ৫। 'দেবী' নাটকে গোবরা চরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ৬। 'ডাক্তার আসুক ভোস, গরম জল নেই — তার উপর এইসব unsterilized ন্যাকড়া' — কার উক্তি এটি? কাকে এই উক্তি করা হয়েছে? ১+১
- ৭। 'শিককাবাব' নাটকটি প্রথম কোন্ পত্রিকায় কত সালে প্রকাশিত হয়?
- ৮। 'শিককাবাব' কোন্ ধরনের নাটক? নাটকের শেষে বনফুল কী বার্তা দিয়েছেন? ১+১
- ৯। 'এক পশলা বৃষ্টি' নাটকের দু'টি পার্শ্বচরিত্রের নাম লেখো।
- ১০। 'এক পশলা বৃষ্টি' নাটকটি কাদের অভিনয়ের উপযোগী?
- ১১। 'শিককাবাব' নাটকে তিন বন্ধুর নাম লেখো।
- ১২। 'সজারুর কাঁটা'র দৈর্ঘ্য কত? 'সজারুর কাঁটা'য় কটি খুনের কথা আছে? ১+১
- ১৩। 'সজারুর কাঁটা' কাহিনিতে খুনি কে? তার প্রকৃত পরিচয় কী? ১+১
- ১৪। ব্রাসো কী? দীপার বাগানের মালীর নাম কী ছিল? ১+১
- ১৫। দীপাকে শুভ্রা যে গান শোনায় তা উল্লেখ করো।

বিভাগ - খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

- ১৬। 'সে জন্যই আমি দেবী' — কোন্ নাটকের উক্তি এটি? কে নিজেকে দেবী বলেছেন? নিজেকে দেবী বলেছেন কেন?

- ১৭। 'দেবী' একাঙ্কিকার নামকরণের প্রতীকী ব্যঞ্জনাটি বোঝাও।
- ১৮। 'শিককাবাব' একাঙ্কিকায় সংলাপের গুরুত্ব বোঝাও।
- ১৯। একাঙ্ক নাটক হিসেবে 'এক পশলা বৃষ্টি'র সাফল্য ও গুরুত্ব কতখানি তা আলোচনা করো।
- ২০। 'খবরের কাগজের এক কোণে খবরটা বেরুল বটে' — কোন্ নাট্যকারের কোন্ নাটকের অংশ এটি? খবরের কাগজে কোন্ খবর বেরিয়েছিল? খবরটির বিশেষত্ব কী ছিল?
- ২১। 'মৃতের পরিচয় তখনো জানা যায়নি' — মৃতটি কে ছিল? তখনো বলতে কী বোঝানো হয়েছে? মৃত ব্যক্তিটির প্রকৃত পরিচয় দাও।

বিভাগ - গ

যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

- ২২। 'রাজপুরী' একাঙ্কিকার গঠনশৈলী বর্ণনা করো।
- ২৩। 'এক পশলা বৃষ্টি' নাটকে প্রধান চরিত্র কোন্টি? নাটকে তার ভূমিকা তুলে ধরো।
- ২৪। 'সজারুর কাঁটা' কাহিনির নামকরণ কতখানি সার্থক — তা আলোচনা করো।
- ২৫। 'সজারুর কাঁটা' কাহিনিতে দেবশীষ চরিত্রের ভূমিকা লেখো।

P.T.O.

(প্রবন্ধ ও সাহিত্যের রূপরীতি-বিচার পদ্ধতি)

বিভাগ - ক

যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

- ১। 'বিষ্ণুর ন্যায় ইঁহারা সকল অবতারেই অমিতবল পরাক্রম অসুরগণকে বধ করিবেন' — এটি কার লেখা কোন্ প্রবন্ধের অন্তর্গত? এখানে কাদের কথা বলা হয়েছে? ১+১
- ২। বাবু কী জাতীয় রচনা? এটি কোন্ প্রবন্ধগ্রন্থের অন্তর্গত? ১+১
- ৩। 'দ্বন্দ্ব নহে, সামঞ্জস্য আনন্দ দান করে' — কে, কোন্ প্রবন্ধে এই উক্তি করেছেন?
- ৪। 'সৌন্দর্যবোধ' প্রবন্ধের শেষে উপনিষদের যে বাণী ব্যক্ত হয়েছে তা উল্লেখ করো।
- ৫। 'সৌন্দর্যবোধ' প্রবন্ধটি কোন্ পত্রিকায় কত সালে প্রকাশিত?
- ৬। 'ভারতের সাধনা concrete-এর মধ্য দিয়া abstract-এর' — কোন্ প্রাবন্ধিক কোন্ প্রবন্ধে এমন মন্তব্য করেছেন?
- ৭। মার্শাল-এর পরিচয় দাও।
- ৮। হেলিওডোরস কে ছিলেন? গ্রীক হওয়া সত্ত্বেও তিনি কোন্ ধর্ম গ্রহণ করেছিলেন? ১+১
- ৯। 'স্বশিক্ষিত' কথাটি প্রমথ চৌধুরী কোন্ প্রবন্ধে উল্লেখ করেছেন? 'স্বশিক্ষিত' কথার অর্থ কী? ১+১
- ১০। 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট' — কোন্ প্রবন্ধের অংশ এটি? উক্তিটি কার? ১+১

- ১১। প্রমথ চৌধুরীর মতে শ্রেষ্ঠ শখ কোনটি? সেই শখকে কীসের সঙ্গে তুলনা করা হয়েছে? ১+১
- ১২। শেলী ও কীটস-এর একটি করে রোমান্টিক কাব্যের নাম লেখো।
- ১৩। ট্রাজেডির দু'টি বৈশিষ্ট্য লেখো।
- ১৪। 'ওড' কাকে বলে? এর বাংলা পরিভাষাটি কী?
- ১৫। লেখকের নামসহ দু'টি বাংলা আঞ্চলিক উপন্যাসের নাম লেখো।

বিভাগ - খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

- ১৬। 'যাঁহারা বাক্য মনোমধ্যে এক, কথনে দশ, লিখনে শত এবং কলহে সহস্র, তিনিই বাবু' — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো।
- ১৭। টীকা লেখো : মহেঞ্জোদড়ো ও হরপ্পা।
- ১৮। 'যে জাতি মনে বড় নয়, সে জাতি জ্ঞানেও বড় নয়' — সপ্রসঙ্গ বক্তব্যটির মর্মার্থ লেখো।
- ১৯। 'সৌন্দর্যবোধ' প্রবন্ধে রবীন্দ্রনাথ সৌন্দর্য সম্বন্ধে যে ধারণা দিয়েছেন তা বিবৃত করো।
- ২০। টীকা লেখো — কমেডি।
- ২১। আঞ্চলিক উপন্যাসের সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলি লেখো।

P.T.O.

যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও। $১০ \times ২ = ২০$

- ২২। 'বাবু' প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের সমাজচেতনা ও স্বদেশপ্রেমের পরিচয় দাও।
- ২৩। 'ভারতীয় সংস্কৃতির গোড়ার কথা' প্রবন্ধ অনুসরণে ভারতীয় সংস্কৃতি সম্পর্কে অমূল্যচরণ বিদ্যাভূষণের মতামত তুলে ধরো।
- ২৪। 'মানসিক সুস্থতার জন্য হাসপাতালের চেয়ে লাইব্রেরির গুরুত্ব বেশি' — 'বই পড়া' প্রবন্ধ অবলম্বনে মতটির যথার্থতা বিচার করো।
- ২৫। ক্লাসিসিজমের উদ্ভব, বৈশিষ্ট্য ও বিকাশের পরিচয় দাও।
-